

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪৪

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো বছরে তার অধিকারভুক্ত সম্পদের এক-তৃতীয়াংশ সাদাকাহ করা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَتَصِدَّقَ بِثُلُثِ مَا يُسْتَفْضَلُ فِي كُلِّ سَنَةٍ مِنْ أَمْلَاكِهِ

আরবী

3344 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّتَنَا أَبُو خَيْتُمَةَ حَدَّتَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي سَلَمَةَ عَنْ وَهْبِ بْنِ كَيْسَانَ عَنْ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيّ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي سَلَمَةَ عَنْ وَهْبِ بْنِ كَيْسَانَ عَنْ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: بَيْنَمَا رَجُلُّ بِفَلَاةٍ مِنَ الْأَرْضِ إِذْ رَأًى سَحَابَةً فَسَمِعَ فِيهَا صَوْتًا: اسْقِ حَدِيقَةَ فُلَانٍ فَجَاءَ ذَلِكَ السَّحَابُ فَأَفْرَغَ مَا فِيهِ فِي حَرَّةٍ قَالَ: فَانْتَهَيْتُ فَإِذَا فَرَجُلُ قَالِ شَرَاجٍ وَإِذَا شَرْجَةٌ مِنْ تِلْكَ الشَّرَجِ قَد اسْتَوْعَبَتِ الْمَاءَ فَسَقَتْهُ فَانْتَهَيْتُ إِلَى وَيَهَا أَذْنَابُ شِرَاجٍ وَإِذَا شَرْجَةً مِنْ تِلْكَ الشَّرَجِ قَد اسْتَوْعَبَتِ الْمَاءَ فَسَقَتْهُ فَانْتَهَيْتُ إِلَى وَيَهَ وَرَعَبَتِ الْمَاءَ فَسَقَتْهُ فَانْتَهَيْتُ إِلَى مَا سُمْكَ؟ فَقَالَ: فُلَانٌ لِكَ الشَّرَجَ قَد السَّوْعَبَتِ النَّهِ مَا السَمْكَ؟ فَقَالَ: فُلَانٌ إلَى مَا عَرِيقَةَ فُلَانُ بِاسْمِكَ؟ فَقَالَ: فُلَانٌ إِسَمْ عَنِ السَّمِي؟ قَالَ: إِنِي سَمِع في السحابة _ قال: كيف تسألني ياعبد اللَّهِ عَنِ اسْمِي؟ قَالَ: إِنِي سَمِع في السحابة _ قال: النَّهِ حَدِيقَةَ فُلَانٍ بِاسْمِكَ فَأَخْبِرْنِي مَا سُمِع فِي السَّحَابَةِ الَّذِي هَذَا مَاؤُهَا يَقُولُ: اسْقِ حَدِيقَةَ فُلَانٍ بِاسْمِكَ فَأَخْبِرْنِي مَا سُمَع في السحابة _ قَالَ: الْفُرُ إِلَى مَا خَرَجَ مِنْهَا فأصَدَّقَ بِثُلُونُ وَاكُنُ أَنَا وَعِيد فيها قَالَ: أَمَا إِذَا قُلْتَ هَذَا فَإِنِي أَنْظُرُ إِلَى مَا خَرَجَ مِنْهَا فأصَدَّق بِثُلُونُ وَلَانُ الْتَه وأعيد فيها ثلثه وأعيد فيها ثلثه)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3344 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (1197).

বাংলা

৩৩৪৪. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "একবার এক ব্যক্তি জনমানবহীন প্রান্তরে ছিলেন, এমন সময় তিনি একটি মেঘ দেখতে পান। অতঃপর তিনি তাতে এই আওয়াজ শুনতে পান, "ওমুকের বাগানে পানি বর্ষন করো।" অতঃপর সেই মেঘ তার মধ্যস্থিত সব পানি এক কক্ষরময় জায়গায় বর্ষন করলো। আমি সেখানে পানির বেশ কিছু নালা দেখতে পেলাম। আমি



দেখলাম একটি নালা সব পানিকে নিয়ে নেয় এবং তাকে পানি দেয়। আমি সেখানে গিয়ে দেখি এক ব্যক্তি তার দাঁড়িয়ে কোদাল দিয়ে পানি বাগানে ঘুরিয়ে নিচ্ছে। তখন আমি বললাম, "আল্লাহর বান্দা, আপনার নাম কী?" তিনি জবাব দেন, "ওমুক।" –যেই নাম মেঘে বলা হয়েছে।– সেই ব্যক্তি বলেন, "হে আল্লাহর বান্দা, আপনি কিভাবে আমার নাম জিজ্ঞেস করলেন?" তিনি বলেন, "এই পানি যেই মেঘ থেকে এসেছে, আমি সেই মেঘে বলতে শুনেছি, "ওমুকের বাগানে পানি বর্ষন করো।" সেখানে আপনার নাম বলা হয়েছে। আপনি আমাকে বলুন, আপনি এই বাগানের মালে কী করেন?" জবাবে তিনি বলেন, "আপনি যখন এটা বললেন, তবে শুনুন, "নিশ্চয়ই আমি লক্ষ্য করি এই বাগান থেকে কতটুকু ফল উৎপন্ন হয়। অতঃপর আমি এর এক-তৃতীয়াংশ সাদাকাহ করি। এক-তৃতীয়াংশ আমি ও আমার পরিবার ভক্ষন করি। আর এক-তৃতীয়াংশ বাগানে পুনরায় খরচ করি।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৯৮৪; মুসনাদ আহমাদ: ২/২৯৬; আত তায়ালিসী: ২৫৮৭; সুনান বাইহাকী: ৩/১৩৩; হিলইয়াতুল আওলিয়া: ৩/২৭৫-২৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১১৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন